



বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ

প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩

মিরপুর, ঢাকা-১২১৬।

Email: gmssc@krishibank.org.bd



গণভোট ২০২৬  
সংসদ নির্বাচন  
দেশের চাবি  
আপনার হাতে

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(৩০)/২০২৫-২০২৬/৭২৬

তারিখঃ ০২ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.

মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়ের সকল মহাবিভাগ, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়;  
উপমহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়ের সকল বিভাগ ও সকল কর্পোরেট শাখা;  
অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক), রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম ও খুলনা;  
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়;  
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়;  
সকল শাখা ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০২৬-২০২৭ অর্থ বছরের বার্ষিক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন প্রসঙ্গে।**

মহোদয়,

বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা এবং বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম ও খুলনা এর ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচীর খসড়া প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। বাস্তবভিত্তিক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও সমন্বয়যোগী প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন প্রশিক্ষণ কার্যকর করার পূর্বশর্ত। প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও খসড়া প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়নের লক্ষ্যে বর্ণিত বিষয়গুলোর উপর আপনাদের সুচিন্তিত মতামত ও মূল্যবান পরামর্শ আবশ্যিকঃ


- ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স/কর্মশালার অন্তর্ভুক্ত বিষয়ের বাইরে কোন কোন বিষয়ের উপর আগামী অর্থবছরে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন (প্রশিক্ষণের যৌক্তিকতা, সময়কাল এবং সংক্ষিপ্ত বিষয়বস্তুসহ)।
- ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স/ কর্মশালাসমূহে অন্তর্ভুক্ত কোন কোন কোর্স/ কর্মশালা কম গুরুত্বপূর্ণ, যা ২০২৬-২০২৭ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচী থেকে বাদ দেয়া যেতে পারে।
- আপনাদের সুপারিশকৃত/ প্রস্তাবিত কোন কোর্স/ কর্মশালাটি কোন স্তরের কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য।
- বিভাগীয়, মুখ্য আঞ্চলিক এবং আঞ্চলিক পর্যায়ে যে সব বিষয়ের উপর প্রশিক্ষণ/কর্মশালা চালু করা প্রয়োজন।
- ব্যাংকিং ও অর্থ ব্যবস্থাপনার সাথে সম্পর্কযুক্ত যে সব বিষয়ের উপর সেমিনার করা প্রয়োজন।

০২। উপরোক্ত বিষয়সহ প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য আপনাদের অন্য কোন পরামর্শ বা সুপারিশ থাকলে তা আগামী ০২/০৩/২০২৬ ইং তারিখের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর-১৩, ঢাকা বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে বিকেবি স্টাফ কলেজের  
বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচী।

আপনার বিশ্বস্ত


  
(স্বাক্ষরঃ আমিনুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(৩০)/২০২৫-২০২৬/৭২৬(৬)

তারিখঃ ০২ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি..

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২) স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩) উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৪) নথি/মহানথি।

  
(মোহাম্মদ সাইফুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক